গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নওগাঁ সদর, নওগাঁ
www.naogaonsadar.naogaon.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৬৪৬০.০০০.০২.০১০.২০২৩-১১৬৪

তারিখ:- ২২ শ্রাবণ ১৪৩০ / ০৬ আগস্ট ২০২৩

## নোটিশ

আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয় এর ০১ আগস্ট ২০২৩ তারিখের ০৩.০২.০০০০.৭০১.২৩.৪৮২.২২-০১নং স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুজিববর্ষে "বাংলাদেশের একজন মানুষও গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নে দেশের সকল ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ০৯ আগস্ট ২০২৩ তারিখ বুধবার সকাল ১০:০০ টায় ৪র্থ পর্যায়ের (২য় ধাপ) উপকারভোগী পরিবারের নিকট উক্ত গৃহ হস্তান্তর কার্যক্রমের শুভ উদ্বোধন করবেন।

উক্ত উদ্বোধন উপলক্ষে নওগাঁ সদর উপজেলায় এ অনুষ্ঠানটি আগামী ০৯ আগস্ট ২০২৩ তারিখ বুধবার সকাল ০৮:৩০ টা হতে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে আয়োজন করা হবে। উল্লিখিত অনুষ্ঠানে যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ পাতা।

(এস.এম রবিন শীষ)
উপজেলা নির্বাহী অফিসার ৬.০৮.২৩
নওগাঁ সদর, নওগাঁ।
ফোন: ০২৫৮৮৮৮১৪৬৬
unonaogaonsadar@gmail.com

(বিতরণ জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়): (সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে)

১. মাননীয় সংসদ সদস্য-৫০, নওগাঁ-০৫।
২. জেলা প্রশাসক, নওগাঁ।
৩. ---------------------------------- সদস্য, আশ্রয়ণ প্রকল্প সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটি, নওগাঁ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
৫. মেয়র, নওগাঁ পৌরসভা।
৬. সহকারী কমিশনার (ভূমি), নওগাঁ সদর, নওগাঁ।
৭. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, নওগাঁ সদর উপজেলা।
৮. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
৯. উপজেলা-------------------------------- অফিসার, নওগাঁ সদর, নওগাঁ।
১০. কাউন্সিলর/সংরক্ষিত কাউন্সিলর,------- নং ওয়ার্ড, নওগাঁ পৌরসভা।
১১. ---------------------------------- সদস্য, আশ্রয়ণ প্রকল্প সংক্রান্ত উপজেলা টাস্কফোর্স কমিটি, নওগাঁ সদর, নওগাঁ।
১২. সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, নওগাঁ।
১৩. সভাপতি/সম্পাদক, সাংবাদিক ইউনিয়ন, নওগাঁ।
১৪. চেয়ারম্যান,------------------------------------- ইউ,পি (সকল), নওগাঁ সদর, নওগাঁ।
১৫. জনাব/ বেগম------------------------------------------------------------------------।
১৬. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, নওগাঁ সদর, নওগাঁ (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)

আশ্রয়ণের অধিকার
শেখ হাসিনার উপহার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা
(www.ashrayanpmo.gov.bd)

০৩/০৮/২৩

স্মারক নং- ০৩.০২.০০০০.৭০১.২৩.৪৮২.২২- ০৯

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভূমিহীন-গৃহহীন পরিবারকে ৪র্থ পর্যায়ের (২য় ধাপ) জমিসহ গৃহ প্রদান কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠানের অনুসরণীয় বিষয়াবলী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "বাংলাদেশের একজন মানুষও গৃহহীন থাকবে না"- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ নির্দেশনা বাস্তবায়নে দেশের সকল ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমিসহ গৃহ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ০৯ আগস্ট ২০২৩ তারিখ **বুধবার সকাল ১০.০০ ঘটিকায়** ৪র্থ পর্যায়ের (২য় ধাপ) নির্ধারিত গৃহসমূহ উপকারভোগী পরিবারের নিকট জমিসহ হস্তান্তর কার্যক্রমের শুভ উদ্বোধন করবেন। উদ্বোধনী অনুষ্ঠানের জন্য অনুসরণীয় বিষয়াবলী নিম্নরূপ:

১। দেশের সকল জেলার সকল উপজেলা পরিষদ মিলনায়তন প্রান্ত হতে (বিটিভি লিংকের মাধ্যমে) ভিডিও কনফারেন্সিং এ সংযুক্ত থাকবে। বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণ তাঁদের অধিক্ষেত্রের সুবিধাজনক উপজেলা প্রান্ত থেকে সংযুক্ত থাকবেন।
২। গণভবন প্রান্ত হতে অনুষ্ঠানটি ০৯:৩০ টায় শুরু হবে। স্থানীয়ভাবে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী, সংসদ সদস্য, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপকারভোগী ও সুধীজনদেরকে নিয়ে উপজেলা প্রান্তে সকাল ০৮:৩০টা হতে নিজস্ব অনুষ্ঠান শুরু করতে হবে। স্থানীয় অনুষ্ঠানে আশ্রয়ণ-২ প্রকল্পের সরবরাহকৃত ভিডিও চিত্র প্রদর্শন এবং উপস্থিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী, সংসদ সদস্যগণের বক্তৃতা পর্ব সকাল ০৯:১৫ টার মধ্যে শেষ করতে হবে। ০৯:১৫ মিনিট হতে গণভবন প্রান্তে প্রচারিত অনুষ্ঠান উপভোগ করবেন।
৩। নির্ধারিত ৩টি উপজেলায় ৩টি প্রকল্প স্থানের সঙ্গে গণভবন প্রান্ত হতে ০৮:৩০ টায় চূড়ান্ত মহড়া অনুষ্ঠিত হবে।
৪। যে ৩টি উপজেলা প্রকল্প স্থান হতে সরাসরি সংযুক্ত থাকবে সে মোতাবেক আসন বিন্যাস প্রস্তুত থাকতে হবে এবং সেই উপজেলার প্রকল্পস্থলে বৃষ্টি রোধক প্যান্ডেল স্থাপন করতে হবে। Light Arrester এর ব্যবস্থা করতে হবে। অতিথি তালিকা প্রস্তুত করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।
৫। নিজ নিজ জেলার মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী /উপমন্ত্রী/সংসদ সদস্য/উপজেলা পরিষদ চেয়ারম্যান/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সকল রাজনৈতিক নেতৃবৃন্দ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
৬। উদ্বোধনের ২ দিন পূর্বে স্থানীয় ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দের সাথে মতবিনিময় এবং প্রেস ব্রিফিং করে বিষয়টি গণমাধ্যম ও সামাজিকযোগাযোগ মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা করতে হবে।
৭। এ কার্যালয় হতে প্রেরিত ইভেন্ট ম্যানেজমেন্ট ও কানেকটিভিটি সংশ্লিষ্ট কাজে সম্পৃক্ত ব্যক্তিবর্গকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করতে হবে।
৮। আগামী ০৭ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে উপকারভোগীগণের নিকট নির্মিত ঘরসমূহ বুঝিয়ে দিতে হবে। অত্র কার্যালয় হতে প্রদত্ত নমুনা মোতাবেক পূর্বের ন্যায় কবুলিয়ত দলিল সম্পাদন, নামজারি সম্পন্ন ও গৃহ প্রদানের সার্টিফিকেট প্রস্তুত করে উপকারভোগীর জন্য পৃথক পৃথক ফোল্ডারে হস্তান্তরের জন্য প্রস্তুত রাখতে হবে।
৯। প্রধানমন্ত্রীর কার্যালয় হতে সরবরাহকৃত নমুনা অনুযায়ী ব্যানার-ফেস্টুন প্রস্তুত করতে হবে। (যথাসময়ে ই-মেইলে প্রেরণ করা হবে)
১০। উদ্বোধনকৃত গৃহের তালিকা অনুযায়ী উপকারভোগীর তথ্য নির্ধারিত ছক মোতাবেক ashrayanpmo@gmail.com ই-মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।
১১। নির্মিত ঘরসমূহে বিদ্যুৎ ও পানি সংযোগ নিশ্চিত করতে হবে ।
১২। অনুষ্ঠান স্থানের সার্বিক নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ এবং আশেপাশের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
১৩। উদ্বোধনী অনুষ্ঠানে উপকারভোগীগণ অনুভূতি ব্যক্ত করবেন। সে লক্ষ্যে **পুনর্বাসিত উপকারভোগী হতে ২ জন পুরুষ এবং ২ জন মহিলা** মোট ৪জন উপকারভোগী প্রস্তুত রাখতে হবে।

০৩/৮/২০২৩


আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ফোনঃ ৪৮১১২৬১৮
মোবাইলঃ ০১৭১১৫৬৪৬৬৬
ই-মেইল :ashrayanpmo@gmail.com


জেলা প্রশাসক
................................ (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ........................................................................ (সকল)।
৩. মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৪. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব / সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৫. উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ............................ (সকল)।
৬. উপজেলা নির্বাহী অফিসার, ........................................................ (সকল)।
৭. অফিস কপি।